

## সিএনজি ফিলিং স্টেশনের নাম ও মালিকানা পরিবর্তন অনুমোদন প্রক্রিয়া

চলমান সিএনজি ফিলিং স্টেশনের নাম ও মালিকানা পরিবর্তনের জন্য প্রস্তাবিত নাম ও মালিকানার অনূকূলে নিম্নবর্ণিত হালনাগাদ তথ্যাদিসহ (সত্যায়িত/নোটারী পাবলিক করে) নাম ও মালিকানা পরিবর্তনের আবেদন করা যাবে :

১।	ট্রেড লাইসেন্স	
২।	জাতীয় পরিচয় পত্র ও আবেদনকারীর ২কপি পাসপোর্ট সাইজ ছবি	
৩।	টি আই এন	
৪।	জয়েন্ট স্টক কোম্পানীর নিবন্ধন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)	
৫।	যৌথ মালিকানার চুক্তিনামা (প্রযোজ্য ক্ষেত্রে)	
৬।	জমির খাজনার রশিদ	
৭।	বরাদ্দ পত্রের কপি চুক্তি পত্রের কপি	সরকারী জমির ক্ষেত্রে
৮।	গ্যাস বিপণন কোম্পানীর অনাপত্তি পত্র।	
৯।	বিদ্যুৎ সরবরাহের জন্য বিদ্যুৎ বিপণন কোম্পানীর অনাপত্তি পত্র	
১০।	প্রবেশ পথ ব্যবহারের লক্ষ্যে সওজের অনুমোদন এবং চুক্তিনামা।	প্রবেশ পথের অনুমোদন।
১১।	সংশ্লিষ্ট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর অনাপত্তি।	
১২।	বিস্ফোরক অধিদপ্তরের অনাপত্তি।	
১৩।	পরিবেশ অধিদপ্তরের ভূমির অবস্থানগত ছাড়পত্র।	
১৪।	দায়-দেনা বিষয়ে পূর্ব মালিক এবং বর্তমান মালিকের অঙ্গিকার নামা	
১৫।	নাম ও মালিকানা পরিবর্তন বিষয়ে পূর্বের মালিকের সহিত সম্পাদিত চুক্তিনামা এবং অনাপত্তিনামা	

- ক) আবেদনকারী কর্তৃক উপরোক্ত তথ্যাদি দাখিল সাপেক্ষে দাখিলকৃত পর্যালোচনার লক্ষ্যে ঢাকা মহানগরীর বাহিরে সিএনজি রিফুয়েলিং স্টেশন ও যানবাহন রূপান্তর কারখানা স্থাপনের অনুমতি প্রদানের নিমিত্তে গঠিত ইন-হাউজ কমিটির সভায় উপস্থাপন করা হয়।
- খ) ইন-হাউজ কমিটি সার্বিকদিক পর্যালোচন পূর্বক সিএনজি ফিলিং স্টেশনের বর্তমান নাম ও মালিকানা পরিবর্তন বিষয়ে সুপারিশ প্রদান করে।
- গ) ইন-হাউজ কমিটি উক্ত সুপারিশের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সিএনজি ফিলিং স্টেশন বর্তমান নাম ও মালিকানার পরিবর্তনে প্রস্তাবিত নামে সিএনজি ফিলিং স্টেশনের নাম ও মালিকানা পরিবর্তনের অনুমোদন পত্র প্রদান করা হয়।